



বাংলাদেশ  
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

web: www.ugc.gov.bd



Office of the Registrar, UGC  
17 SEP 2020

Sl. No.:

15/1 [Signature]

স্মারক নং : ইউজিসি/বেঃবিঃ/৩০০/ভঃঃ/অংশ-১/৯৫/৪০০৭

তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ  
০৮ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

রেজিস্ট্রার  
ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক  
৭৪-এ, গ্রীন রোড, ঢাকা-১২১৫।

বিষয় : **Master of Science in Civil Engineering (updated)** প্রোগ্রাম অনুমোদন প্রসঙ্গে।

জনাব

আপনার বিশ্ববিদ্যালয়ের জন্য School of Engineering অনুযায়ী এবং Department of Civil Engineering বিভাগের অধীনে Master of Science in Civil Engineering (updated) এর প্রোগ্রামটি নিম্নোক্ত শর্তে অনুমোদন করা হলো :

১. ক্রেডিট আওয়ারস্ (৩৬) সহ সিলেবাসে মৌলিক বা গুরুত্বপূর্ণ কোন পরিবর্তনের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে।
২. প্রোগ্রামটি অবশ্যই ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, ৭৪-এ, গ্রীন রোড, ঢাকা-১২১৫। ঠিকানা স্থ ক্যাম্পাসে পরিচালনা করতে হবে, অন্য কোন ক্যাম্পাসে নয়।
৩. Dual Semester ভিত্তিক প্রোগ্রামটি পরিচালনা করতে হবে।
৪. প্রোগ্রামটি ডিস্ট্যান্স লার্নিং 'mode' এ পরিচালনা করা যাবে না। এছাড়া এ প্রোগ্রামটি সাক্ষ্য/শুক্র-শনি ইত্যাদি নামে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
৫. প্রোগ্রামটিতে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এইচ.এস.সি/এ-লেভেল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। O-Level পাশ করা শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ে ভর্তি করা যাবে না। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের এস. এস. সি এবং এইচ.এস.সি বা সমমানের পাবলিক পরীক্ষায় পৃথক পৃথকভাবে অবশ্যই ন্যূনতম জিপিএ-২.৫০ থাকতে হবে। কোন একটি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ থাকলে দুই পরীক্ষায় মোট জিপিএ অন্যান্য ৬.০০ থাকতে হবে, তবে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য দুই পরীক্ষায় মোট জিপিএ ৫.০০ থাকলে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।
৬. O-Level পরীক্ষার ন্যূনতম ৫টি বিষয় (Subject) এবং A-Level পরীক্ষায় ন্যূনতম ২টি বিষয় (Subject) অবশ্যই থাকতে হবে। উক্ত দুটি পরীক্ষায় অন্যান্য সাতটি বিষয়ের মধ্যে চারটিতে বি গ্রেড বা জিপিএ ৪.০০ এবং বাকী তিনটি বিষয়ে সি গ্রেড বা জিপিএ ৩.৫ অবশ্যই থাকতে হবে।
৭. ক্রমিক নং ৫ ও ৬ এ বর্ণিত যোগ্যতা থাকা সাপেক্ষে স্নাতক পর্যায়ে ন্যূনতম জিপিএ ২ পেলে উক্ত প্রোগ্রামে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।
৮. GED ডিপ্লোমাদারী শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
৯. এই প্রোগ্রামটিতে শুধুমাত্র বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি করা যাবে। প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ৫০ জন শিক্ষার্থী ভর্তি করা যাবে। কোর্সে ভর্তির সময় প্রত্যেক ছাত্র-ছাত্রীকে একটি রেজিস্ট্রেশন নম্বর প্রদান করতে হবে এবং কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত রেজিস্ট্রেশন নম্বর বহাল থাকবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র ও মার্কশীটে উক্ত রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ থাকতে হবে।
১০. প্রোগ্রামটি পরিচালনার জন্য শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুসরণ করতে হবে। একইসাথে শিক্ষকদের ৪টি ধাপ অনুসরণ করতে হবে।
১১. বর্ণিত কোর্সে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দিষ্ট বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশন অফিসে জমা দিতে হবে।
১২. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন প্রোগ্রাম পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন কমিশনে প্রেরণ করতে হবে।
১৩. লাইব্রেরিতে এই প্রোগ্রামের উপযোগী যথেষ্ট সংখ্যক রেফারেন্স বই ও জার্নাল সংগ্রহ করতে হবে। এছাড়া ইউজিসি ডিজিটাল লাইব্রেরীর সদস্য হতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
১৪. আপডেটেড প্রোগ্রামের সিলেবাসটি পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদিত বলে গণ্য হবে। উল্লিখিত সময়ের পর সিলেবাসটি পুনরায় আপডেট করে কমিশনের অনুমোদন নিতে হবে।
১৫. প্রোগ্রাম অনুমোদন পত্রটি বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
১৬. অনুমোদিত সিলেবাস (স্বাক্ষরিত) সংরক্ষণ করতে হবে।

এই প্রোগ্রামটি পরিচালনার উদ্দেশ্যে উপরোল্লিখিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংস্লিঃ বর্ণনামতে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

[Signature] ০৮/০৭/২০২০

ড. মোঃ ফখরুল ইসলাম

পরিচালক

বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ।

স্মারক নং : ইউজিসি/বেঃবিঃ/৩০০/ভঃঃ/অংশ-১/৯৫/৪০০৭

তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ  
০৮ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অনুমতি ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপাচার্য, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, ৭৪-এ, গ্রীন রোড, ঢাকা-১২১৫।
২. পরিচালক, আইএমসিটিডি, ইউজিসি, ঢাকা (ওয়েবসাইটে তথ্য update করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপ সচিব), ইউজিসি, ঢাকা।
৪. সহকারী সচিব, সদস্য (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগের দায়িত্বপ্রাপ্ত) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৫. ব্যক্তিগত কর্মকর্তা (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ), ইউজিসি, ঢাকা।
৬. সংশ্লিষ্ট নথি/মহানথি।

Registrar / Head, CE

[Signature] 17/9/2020

[Signature] ০৮/০৭/২০২০

ড. মোঃ মহিবুল আহসান

উপ পরিচালক

বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ।

ফোন: ৫৮১৬০২৪৭

e-mail: mohibulugc@gmail.com